



### আদেশ

যেহেতু, আপনি জনাব মোহাম্মদ আলী আশ্রাফ বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের অডিট অফিসার (তৎকালীন অডিটর, প্রধান কার্যালয়) বর্তমানে ভোমরা স্থলবন্দরে সংযুক্তিতে কর্মরত আছেন;

যেহেতু, আপনি জনাব মোহাম্মদ আলী আশ্রাফ প্রধান কার্যালয়ে অডিটর পদে থাকাকালীন বেনাপোল স্থলবন্দরের কার্গো ভেহিকেল টার্মিনালের বাউন্ডারি ওয়াল ও ডেন নির্মাণ কাজে সংস্থায় নিয়োজিত ঠিকাদার TBEAL-AE (JV), ঠিকাদারী প্রতিষ্ঠান, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা ১০০০ এর প্রতিনিধি জনাব মোহাম্মদ মাকসুদুল ইসলাম আপনার বিরুদ্ধে কাজের ক্ষেত্রে হুমকি প্রদান বিষয়ে গত ২২-০২-২০২৩ খ্রিঃ তারিখে একটি অভিযোগ দাখিল করেছেন;

যেহেতু, অভিযোগে উল্লেখ আছে যে, বেনাপোল স্থলবন্দর কার্গো ভেহিকেল টার্মিনালের বাউন্ডারি ও ডেন নির্মাণ কাজ আরম্ভ করার পর আপনি জনাব মোহাম্মদ আলী আশ্রাফ অডিট অফিসার (তৎকালীন অডিটর) উক্ত ঠিকাদারের সাথে দেখা করার জন্য মিরপুর-১২ নং সেকশন অফিসে যান এবং উক্ত কাজ বাবদ কমিশন দাবি করেন এবং কমিশন না দিলে বিল না দেয়ার হুমকি দেন। সে প্রেক্ষিতে উক্ত ঠিকাদার আপনাকে ১২ (বারো) লক্ষ টাকা প্রদান করেন মর্মে অভিযোগ উত্থাপন করেন;

যেহেতু, অভিযোগকারী কর্তৃক দাখিলকৃত ভিডিও ফুটেজ দৃষ্টে দেখা যায়, আপনি বহিরাগত কতিপয় ব্যক্তিসহ ১৮-০২-২০২৩ তারিখ খানমন্ডির-২৭ নং রোডের 'মোঘল কাবাব হোটেল' নামে একটি রেস্টুরেন্টে গিয়েছেন এবং অভিযোগকারীর সাথে দেনা-পাওনা বিষয়ে বাক-বিতন্ডায় জড়িত রয়েছেন;

যেহেতু, বেনাপোল স্থলবন্দরের কার্গো ভেহিকেল টার্মিনালের বাউন্ডারি ওয়াল ও ডেন নির্মাণ কাজে সংস্থায় নিয়োজিত ঠিকাদার TBEAL-AE (JV) এর প্রতিনিধি জনাব মোহাম্মদ মাকসুদুল ইসলাম এর প্রতিষ্ঠানের একাউন্ট হতে আপনি জনাব মোহাম্মদ আলী আশ্রাফ চেকের মাধ্যমে (চেক নং CAC 4206622, তারিখ: ১২-০৯-২০২২) সোস্যাল ইসলামী ব্যাংক, আগারগাঁও শাখা হতে ২,০০,০০০/- টাকা উত্তোলন/গ্রহণ করেছেন, যা প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৪ এর প্রবিধি ৩৯(২)(ক) এ উল্লেখ রয়েছে যে, কোন কর্মচারী কোন রাজনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থে কোন চাঁদা দান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং কর্তৃপক্ষ বা রাষ্ট্রের স্বার্থের পরিপন্থী কোন কার্য-কলাপে নিজেকে জড়িত করিবেন না; এবং ৩৯(২)(ঙ) অনুযায়ী-কোন কর্মচারী কর্তৃপক্ষের সহিত লেন-দেন রহিয়াছে কিংবা লেন-দেন থাকার সম্ভাবনা রহিয়াছে এমন ব্যক্তিদের নিকট হইতে কোন দান গ্রহণ করিবেন না;


যেহেতু, একজন সরকারি কর্মচারী হয়ে আপনার এ ধরনের আচরণ ও কর্মকাণ্ড শোভনীয় নয় বরং দুর্নীতির পর্যায়ভুক্ত। আপনার এহেন কার্যকলাপ বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৪ এর প্রবিধি ৪০(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর শামিল এবং শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, বিষয়টির গুরুত্ব ও অপরাধের মাত্রা বিবেচনায় আপনি জনাব মোহাম্মদ আলী আশ্রাফ, অডিট অফিসার (তৎকালীন অডিটর)-কে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৪ এর প্রবিধান ৪৬ (১) মোতাবেক বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু আপনি জনাব মোহাম্মদ আলী আশ্রাফ, অডিট অফিসার -কে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৪ এর প্রবিধান ৪৬ (১) মোতাবেক বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্তকালীন সময়ে আপনি বিধিমোতাবেক খোরাকী ভাতা পাবেন।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
মোঃ জিল্লুর রহমান চৌধুরী  
চেয়ারম্যান

ফোন : ০২-৪১০২৫৩০০

E-mail: [chairman@bsbk.gov.bd](mailto:chairman@bsbk.gov.bd)

অনুলিপি :

- ১। সদস্য (ট্রাফিক/অর্থ ও প্রশাসন/উন্নয়ন), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা
- ২। পরিচালক (হিসাব/ট্রাফিক/ অডিট), বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা
- ৩। উপ-পরিচালক (ট্রাফিক), ভোমরা স্থলবন্দর, সাতক্ষীরা
- ৪। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা; ওয়েবসাইটে ([www.bsbk.gov.bd](http://www.bsbk.gov.bd)) যথাযথভাবে প্রকাশের অনুরোধসহ।
- ৫। জনাব মোহাম্মদ আলী আশ্রাফ, অডিট অফিসার, ভোমরা স্থলবন্দর, সাতক্ষীরা
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।